গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
তদন্ত ও শৃঙ্খলা শাখা
মিরপুর-২, ঢাকা- ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.৫২৬.২০২৩-৯৬৮ তারিখঃ ১৩ বৈশাখ ১৪৩৩ / ২৬ এপ্রিল ২০২৬

# অফিস আদেশ

যেহেতু, জনাব মো: এনামুল হক, ডাটা এন্টি অপারেটর উপজেলা প্রাইমারী এডুকেশন টেনিং সেন্টার, পরশুরাম, ফেনী এর বিরুদ্ধে নিয়মিত অফিসে উপস্থিত না হওয়া, নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সাথে অশোভনীয় আচরণ করার অভিযোগ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়। তার এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (খ) অনুযায়ী 'অসদাচরণ'' এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ বিধায় উক্ত অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার কর্মস্থল ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু তিনি লিখিত জবাব দাখিল করেন এবং এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেননি বিধায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং;

যেহেতু, তদন্ত কর্মকর্তা তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মো: এনামুল হক, ডাটা এন্টি অপারেটর, উপজেলা প্রাইমারী এডুকেশন টেনিং সেন্টার, পরশুরাম, ফেনী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) উপবিধি অনুযায়ী অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত ব্যক্ত করেন; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী, দাখিলকৃত জবাব, নথি ও প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে একই বিধিমালার ৪(২) (ঘ) অনুযায়ী "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" অর্থাৎ বেতন গ্রেডের ০১(এক) ধাপ নিচে অবনমিতকরণ লঘুদন্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু জনাব মো: এনামুল হক, ডাটা এন্টি অপারেটর, উপজেলা প্রাইমারী এডুকেশন টেনিং সেন্টার, পরশুরাম, ফেনী এর বিরুদ্ধে 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে একই বিধিমালার ৪(২) (ঘ) অনুযায়ী "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" অর্থাৎ বেতন গ্রেডের ০১(এক) ধাপ নিচে অবনমিতকরণ দন্ড প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হওয়ায় তার বর্তমান মূলবেতন ২২,৩৮০/- টাকা হতে নিম্নধাপে ২১,৩১০/- টাকায় নির্ধারণ করা হলো। অবনমিতকরণ ধাপ হতে যথারীতি বেতন বৃদ্ধির সুবিধা প্রাপ্য হবেন। অবনমিতকরণ বেতন ভবিষ্যতে বকেয়া হিসাবে প্রাপ্য হবেন না

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আবু নূর মোঃ শামসুজ্জামান
মহাপরিচালক
টেলিফোন: ০২৫৫০৭৪৭৭৭
ই-মেইল: dgprimarybd@gmail.com

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.২৭.৫২৬.২০২৩-৯৬৮(৩০) তারিখঃ ১৩ বৈশাখ ১৪৩৩ / ২৬ এপ্রিল ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলোঃ
১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা
৩. উপপরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৪. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা,, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৫. সুপারিনটেনডেন্ট, পিটিআই, ফেনী
৬. জনাব শেখ সাইদুর রহমান, অপারেশন ম্যানেজার (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
৭. উপজেলা হিসাব রক্ষণ অফিসার, পরশুরাম, ফেনী
৮. ইন্সট্রাক্টর, উপজেলা প্রাইমারী এডুকেশন টেনিং সেন্টার, পরশুরাম, ফেনী
৯. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০. জনাব মো: এনামুল হক, ডাটা এন্টি অপারেটর, উপজেলা প্রাইমারী এডুকেশন টেনিং সেন্টার, পরশুরাম, ফেনী
১১. সংরক্ষণ নথি।

(মোঃ আব্দুস সালাম)
উপপরিচালক(চলতি দায়িত্ব)
ই-মেইল inquirycelldpe@gmail.com